# সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন বিএনপির সারোয়ার আলমগীর



ছবি: সংগৃহীত

দীর্ঘ আইনি প্রক্রিয়ার পর চট্টগ্রাম-২ আসন থেকে নির্বাচিত বিএনপির প্রার্থী সারোয়ার আলমগীর সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। বৃহস্পতিবার (৯ জুলাই) সন্ধ্যায় জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তাকে শপথবাক্য পাঠ করান। এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমান উপস্থিত ছিলেন।

এর আগে নির্বাচন কমিশন তাকে নির্বাচিত সংসদ সদস্য ঘোষণা করে গেজেট প্রকাশ করে। একইদিন সকালে হাইকোর্ট তার প্রার্থিতা বৈধ ঘোষণা করলে শপথ গ্রহণের পথ উন্মুক্ত হয়। উল্লেখ্য, ঋণখেলাপির অভিযোগে নির্বাচন কমিশন গত ১৮ জানুয়ারি তার প্রার্থিতা বাতিল করেছিল। পরে ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে রিট করলে আদালত কমিশনের আদেশ স্থগিত করেন এবং শেষ পর্যন্ত তার প্রার্থিতা বৈধ ঘোষণা করেন।

LENS ASIA